

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
ইন্দুরকানী, পিরোজপুর

স্মারক নং ৩৪.০১.৭৯৯০.০০০.৪৮.৭৩.১৯- ৪০

তারিখঃ ২৬/০৯/২০২৩খ্রিঃ

প্রশিক্ষণ ভর্তি বিজ্ঞপ্তি

দেশের বেকার যুবদের দক্ষতাবৃদ্ধি ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের যুব উন্নয়ন অধিদপ্তর ইন্দুরকানী, পিরোজপুর কর্তৃক আয়োজিত অপ্রাতিষ্ঠানিক ০৭(সাত) দিন মেয়াদী (০৮/১০/২০২৩খ্রিঃ হতে ১৪/১০/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত ৩য় ব্যাচ হাঁস-মুরগী পালন ও ১৭/১০/২৩খ্রিঃ হতে ২৩/১০/২৩খ্রিঃপর্যন্ত ৪র্থ ব্যাচ গবাদি পশু পালন) প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য অত্র উপজেলার ১৮-৩৫ বছর বয়সের বেকার যুবক ও যুব মহিলাদের নিম্ন বর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কেন্দ্র : ০১। মধ্য ইন্দুরকানী সরকারী প্রাথমিক বিদ্যালয়, ইন্দুরকানী, পিরোজপুর (০২) কালাইয়া ফ্লোরিস ক্লাব ইন্দুরকানী, পিরোজপুর

কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা(সর্বনিম্ন)	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	আবেদন জমার শেষ তারিখ	সাক্ষাতকারের তারিখ	ভর্তির তারিখ	প্রশিক্ষণ শুরুর তারিখ
হাঁস-মুরগী পালন	৫ম শ্রেণী	৩০ জন	০৭ দিন	০৩/১০/২০২৩খ্রিঃ	৪/১০/২০২৩ খ্রিঃ	০৫/১০/২০২৩ খ্রিঃ	০৮/১০/২০২৩ খ্রিঃ
গবাদি পশু পালন	৫ম শ্রেণী	৩০ জন	০৭ দিন	১২/১০/২০২৩খ্রিঃ	১৫/১০/২০২৩ খ্রিঃ	১৬/১০/২০২৩ খ্রিঃ	১৭/১০/২০২৩ খ্রিঃ

আবেদন ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলীঃ

- ০১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ইন্দুরকানী, পিরোজপুর, নির্ধারিত ফরমে আবেদন পত্র জমাদিতে হবে।
- ০২। আবেদনের সাথে(ক) শিক্ষাগত যোগ্যতার ও বয়স প্রমানের প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি(খ)জাতীয় পরিচয় পত্র(NID)অথবা জন্ম সনদ পত্র(গ)স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদ(ঘ) পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি (সত্যায়িত)জমা দিতে হবে।
- ০৩। ০৩/১০/২০২৩খ্রিঃ এবং ১২/১০/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩৫ বছর সীমার মধ্যে হতে হবে।
- ০৪। ভর্তির ব্যাপারে বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।
- ০৫। ভর্তির জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে বিকাল ৩.০০ ঘটিকায় হাজির হতে হবে।
- ০৬। এ জন্য কোন প্রকার টি, এ/ ডি, এ প্রদান করা হবেনা।
- ০৭। স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ গ্রহন করতে হবে।
- ০৮। এ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের উপস্থিতির ভিত্তিতে সরকার কর্তৃক প্রদেয় দৈনিক ১০০/- (একশত) টাকা যাতায়াত ভাতা প্রদান করা হবে।

স্বাক্ষর
(মোঃ আবু জাফর হাওলাদার)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ইন্দুরকানী, পিরোজপুর।

স্মারক নং ৩৪.০১.৭৯৯০.০০০.৪৮.৭৩.১৯-৪০

তারিখঃ ২৬/০৯/২০২৩খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইন্দুরকানী, পিরোজপুর
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পিরোজপুর।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, ইন্দুরকানী, পিরোজপুর
- ০৪। বিভিন্ন অফিস ও সংস্থার নোটিশ বোর্ড।
- ০৫। অফিস কপি।

স্বাক্ষর
(মোঃ আবু জাফর হাওলাদার)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ইন্দুরকানী, পিরোজপুর